শিক্ষাবর্ষ ২০২৪

# বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা

## বিষয়: বাংলা | ৯ম শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক শিখন

যোগ্যতাভিত্তিক

সহযোগিতামূলক

শিখনকালীন মূল্যায়ন

একীভূত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# ৯ম শ্রেণির মূল্যায়ন বিষয়ে
# শিক্ষকদের জন্য নির্দেশনা

বিষয় : বাংলা

শিক্ষাবর্ষ : ২০২৪

# সূচিপত্র


ক) শিখনকালীন মূল্যায়ন 2

খ) ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন 2

গ) শিক্ষার্থীর অনুপস্থিতির ক্ষেত্রে করনীয় 2

ঘ) আচরণিক নির্দেশক 3

ঙ) শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ 3

চ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা 3

ছ) মূল্যায়নে এপসের ব্যবহার 4

**পরিশিষ্ট ১** 5

শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI) 5

পরিশিষ্ট ২ 9

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট 9

পরিশিষ্ট ৩ 25

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক 25

**পরিশিষ্ট ৪** 28

ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্ট 28

**পরিশিষ্ট ৫** 31

আচরণিক নির্দেশক (Behavioural Indicator, BI) 31

# ভূমিকা

সুপ্রিয় শিক্ষকমণ্ডলী,

২০২২ সাল থেকে শুরু হওয়া নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন প্রক্রিয়ায় আপনাকে সহায়তা দেওয়ার জন্য এই নির্দেশিকা প্রণীত হয়েছে। আপনারা ইতোমধ্যেই জানেন যে নতুন শিক্ষাক্রমে গতানুগতিক পরীক্ষা থাকছে না, বরং সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়নের কথা বলা হয়েছে। ইতোমধ্যে অনলাইন ও অফলাইন প্রশিক্ষণে নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন নিয়ে আপনারা বিস্তারিত ধারণা পেয়েছেন। এছাড়া শিক্ষক সহায়িকাতেও মূল্যায়নের প্রাথমিক নির্দেশনা দেয়া আছে এবং ২০২৩ শিক্ষাবর্ষে আপনারা সফলভাবে শিখনকালীন মূল্যায়ন ও সামষ্টিক মূল্যায়ন সম্পন্ন করেছেন। তারপরেও, সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়ন বিধায় এই মূল্যায়নের প্রক্রিয়া নিয়ে আপনাদের মনে অনেক ধরনের প্রশ্ন থাকতে পারে। এই নির্দেশিকা সেসকল প্রশ্নের উত্তর খুঁজে পেতে ও মূল্যায়ন প্রক্রিয়ায় আপনার ভূমিকা ও কাজের পরিধি সুস্পষ্ট করতে সাহায্য করবে।

যে বিষয়গুলি মনে রাখতে হবে,

১। নতুন শিক্ষাক্রম বিষয়বস্তুভিত্তিক নয়, বরং যোগ্যতাভিত্তিক। এখানে শিক্ষার্থীর শিখনের উদ্দেশ্য হলো কিছু সুনির্দিষ্ট যোগ্যতা অর্জন। কাজেই শিক্ষার্থী বিষয়গত জ্ঞান কতটা মনে রাখতে পারছে তা এখন আর মূল্যায়নে মূল বিবেচ্য নয়, বরং যোগ্যতার সবকয়টি উপাদান—জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের সমন্বয়ে সে কতটা পারদর্শিতা অর্জন করতে পারছে তার ভিত্তিতেই তাকে মূল্যায়ন করা হবে।

২। শিখন-শেখানো প্রক্রিয়াটি অভিজ্ঞতাভিত্তিক। অর্থাৎ শিক্ষার্থী বাস্তব অভিজ্ঞতাভিত্তিক শিখনের মধ্য দিয়ে যোগ্যতা অর্জনের পথে এগিয়ে যাবে। আর এই অভিজ্ঞতা চলাকালে শিক্ষক শিক্ষার্থীর কাজ এবং আচরন পর্যবেক্ষণ করে মূল্যায়ন চালিয়ে যাবেন। প্রতিটি অভিজ্ঞতা শেষে পারদর্শিতার সূচক অনুযায়ী শিক্ষার্থীর যোগ্যতা অর্জনের মাত্রা রেকর্ড করবেন।

৩। নম্বরভিত্তিক ফলাফলের পরিবর্তে এই মূল্যায়নের ফলাফল হিসেবে শিক্ষার্থীর অর্জিত যোগ্যতার (জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ) বর্ণনামূলক চিত্র পাওয়া যাবে।

৪। শিক্ষক সহায়িকা অনুযায়ী একটি অভিজ্ঞতা চলাকালীন সময়ে শিক্ষার্থী যে সকল কাজের নির্দেশনা দেওয়া আছে শুধুমাত্র ওই কাজগুলকেই মূল্যায়নের জন্য বিবেচনা করতে হবে। বিষয়ভিত্তিক নির্দেশনা বাইরে শিক্ষার্থীদের অতিরিক্ত কাজ করানো যাবেনা।

৫। অভিজ্ঞতা পরিচালনার সময় যেখানে শিক্ষা উপকরণের প্রয়োজন হয়, শিক্ষক নিশ্চিত করবেন যেন উপকরণ গুলো বিনামূল্যের, স্বল্পমূল্যের এবং পুনঃব্যবহারযোগ্য (রিসাইকেল) উপাদান দিয়ে তৈরি। প্রয়োজনে বিদ্যালয় এইসব শিক্ষা উপকরণের ব্যায়ভার বহন করবে।

৫। মূল্যায়ন প্রক্রিয়া শিখনকালীন ও সামষ্টিক এই দুটি পর্যায়ে সম্পন্ন হবে।

২০২৪ সালে ষষ্ঠ শ্রেণির শিখনকালীন মূল্যায়ন পরিচালনায় শিক্ষকের করণীয়

শিক্ষার্থীরা কোনো শিখন যোগ্যতা অর্জনের পথে কতটা অগ্রসর হচ্ছে তা পর্যবেক্ষণের সুবিধার্থে প্রতিটি একক যোগ্যতার জন্য এক বা একাধিক পারদর্শিতার সূচক (Performance Indicator, PI) নির্ধারণ করা হয়েছে। প্রতিটি পারদর্শিতার সূচকের আবার তিনটি মাত্রা নির্ধারণ করা হয়েছে। শিক্ষক মূল্যায়ন করতে গিয়ে শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে এই সূচকে তার অর্জিত মাত্রা নির্ধারণ করবেন নবম শ্রেণির এই বিষয়ের যোগ্যতাসমূহের পারদর্শিতার সূচকসমূহ এবং তাদের তিনটি মাত্রা পরিশিষ্ট-১ এ দেয়া আছে। প্রতিটি পারদর্শিতার সূচকের তিনটি মাত্রাকে মূল্যায়নের তথ্য সংগ্রহের সুবিধার্থে চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভুজ ( □ ○ △ ) দিয়ে চিহ্নিত করা হয়েছে)। শিখনকালীন ও সামষ্টিক উভয় ক্ষেত্রেই পারদর্শিতার সূচকে অর্জিত মাত্রার উপর ভিত্তি করে শিক্ষার্থীর যোগ্যতা অর্জনের মাত্রা নির্ধারিত হবে।

শিখনকালীন মূল্যায়নের অংশ হিসেবে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক ঐ অভিজ্ঞতার সাথে সংশ্লিষ্ট পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নিরূপণ করবেন ও রেকর্ড করবেন। এছাড়া শিক্ষাবর্ষ শুরুর ছয় মাস পর একটি এবং বছর শেষে আরেকটি ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সামষ্টিক মূল্যায়নে শিক্ষার্থীদের পূর্বনির্ধারিত কিছু কাজ (এসাইনমেন্ট, প্রকল্প ইত্যাদি) সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া

চলাকালে এবং প্রক্রিয়া শেষে একইভাবে পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নির্ধারণ করা হবে। প্রথম ছয় মাসের শিখনকালীন মূল্যায়ন এবং ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের তথ্যের উপর ভিত্তি করে শিক্ষার্থীর ষাণ্মাসিক একাডেমিক ট্রান্সক্রিপ্ট তৈরি হবে। প্রথম ষাণ্মাসিক মূল্যায়নের রেকর্ড, পরবর্তী ৬ মাসের শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়নের রেকর্ডের সমন্বয়ে পরবর্তীতে বার্ষিক ট্রান্সক্রিপ্ট এবং রিপোর্ট কার্ড প্রস্তুত করা হবে।

ক) শিখনকালীন মূল্যায়ন

এই মূল্যায়ন কার্যক্রমটি শিখনকালীন অর্থাৎ শিখন অভিজ্ঞতা চলাকালে পরিচালিত হবে।

- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক সংশ্লিষ্ট শিখনযোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা PI (পরিশিষ্ট-২ দেখুন) ব্যবহার করে শিখনকালীন মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করবেন। পরিশিষ্ট-২ এ প্রতিটি শিখন অভিজ্ঞতায় কোন কোন PI এর ইনপুট দিতে হবে, এবং কোন প্রমাণকের ভিত্তিতে দিতে হবে তা দেয়া আছে। প্রতিটি শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে সকল শিক্ষার্থীদের তথ্য ইনপুট দেয়ার সুবিধার্থে পরিশিষ্ট-৩ এ একটি ফাঁকা ছক দেয়া আছে। এই ছকে নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার নাম ও প্রযোজ্য PI নম্বর লিখে ধারাবাহিকভাবে সকল শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য রেকর্ড করা হবে। শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে সংশ্লিষ্ট PI এর জন্য প্রদত্ত তিনটি মাত্রা থেকে প্রযোজ্য মাত্রাটি নির্ধারণ করবেন, এবং সে অনুযায়ী চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) ভরাট করবেন। শুধুমাত্র শিক্ষকের রেকর্ড রাখার সুবিধার্থে এই চিহ্নগুলো ঠিক করা হয়েছে। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় এই ছকের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি করে তার সাহায্যে শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করা হবে।
- ✓ ছকে ইনপুট দেওয়া হয়ে গেলে শিক্ষক পরবর্তীতে যে কোন সুবধাজনক সময়ে (অভিজ্ঞতা শেষ হওয়ার এক সপ্তাহের মধ্যে) এই শিট থেকে শিক্ষার্থীর তথ্য 'নৈপুণ্য' এপস এ ইনপুট দিবেন।
- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষক যেসকল প্রমাণকের সাহায্যে পারদর্শিতার সূচকে শিক্ষার্থীর অর্জনের মাত্রা নিরূপণ করেছেন সেগুলো শিক্ষাবর্ষের শেষ দিন পর্যন্ত সংরক্ষণ করবেন।

খ) ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন

- ✓ ২০২৪ সালের বছরের মাঝামাঝিতে বিষয়ের ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ও বছরের শেষে বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। পূর্ব ঘোষিত এক সপ্তাহ ধরে এই মূল্যায়ন প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে পরিচালিত হবে। স্বাভাবিক ক্লাসরুটিন অনুযায়ী বিষয়ের জন্য নির্ধারিত সময়ে শিক্ষার্থীরা তাদের সামষ্টিক মূল্যায়নের জন্য অর্পিত কাজ সম্পন্ন করবে।
- ✓ সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রে অন্তত এক সপ্তাহ আগে শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা বুঝিয়ে দিতে হবে এবং সামষ্টিক মূল্যায়ন শেষে অর্জিত পারদর্শিতার মাত্রা রেকর্ড করতে হবে।
- ✓ শিক্ষার্থীদের প্রদেয় কাজের নির্দেশনা, সামষ্টিক মূল্যায়ন ছক, এবং শিক্ষকের জন্য প্রয়োজনীয় অন্যান্য নির্দেশাবলী সকল প্রতিষ্ঠানে সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হওয়ার কয়েকদিন পূর্বে বিদ্যালয়ে প্রেরণ করা হবে।

গ) শিক্ষার্থীর অনুপস্থিতির ক্ষেত্রে করনীয়

- ✓ যদি কোন অভিজ্ঞতা চলাকালীন সময়ে কোন শিক্ষার্থী আংশিক সময় বা পুরোটা সময় বিদ্যালয়ে অনুপুস্থিত থাকে তাহলে ঐ শিক্ষার্থীকে ঐ যোগ্যতাটি অর্জন কারনোর জন্য পরবর্তীতে এনসিটিবির নির্দেশনা অনুযায়ী নিচের নিরাময়মূলক পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। এই নির্দেশনা পরবর্তীতে দেওয়া হবে।

ঘ) আচরণিক নির্দেশক

পরিশিষ্ট ৫ এ আচরণিক নির্দেশকের একটা তালিকা দেয়া আছে। শিক্ষক বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই নির্দেশকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করবেন। পারদর্শিতার নির্দেশকের পাশাপাশি এই আচরণিক নির্দেশকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে। আচরণিক নির্দেশকগুলোতে শিক্ষার্থীর অর্জনের মাত্রা শিক্ষক বছরে শুধুমাত্র দুইবার ইনপুট দিবেন। ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের সময় একবার এবং বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের সময় একবার।

ঙ) শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৪ এ ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □ ○ △ ) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনবারই ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত ( ○ ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভূজ ( □ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

চ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা

মূল্যায়ন প্রক্রিয়া চর্চা করার সময় জেন্ডার বৈষম্যমূলক ও মানব বৈচিত্রহানীকর কোন কৌশল বা নির্দেশনা ব্যবহার করা যাবেনা। যেমন— নৃতাত্ত্বিক পরিচয়, লিঙ্গবৈচিত্র্য ও জেন্ডার পরিচয়, সামর্থ্যের বৈচিত্র্য, সামাজিক অবস্থান ইত্যাদির ভিত্তিতে কাউকে আলাদা কোনো কাজ না দিয়ে সবাইকেই বিভিন্ন ভাবে তার পারদর্শিতা প্রদর্শনের সুযোগ করে দিতে হবে। এর ফলে, কোন শিক্ষার্থীর যদি লিখিত বা মৌখিক ভাব প্রকাশে চ্যালেঞ্জ থাকে তাহলে সে বিকল্প উপায়ে শিখন যোগ্যতার প্রকাশ ঘটাতে পারবে। একইভাবে, কোন শিক্ষার্থী যদি প্রচলিত ভাবে ব্যবহৃত মৌখিক বা লিখিত ভাবপ্রকাশে স্বচ্ছন্দ না হয়, তবে সেও পছন্দমত উপায়ে নিজের ভাব প্রকাশ করতে পারবে।

অনেক ক্ষেত্রেই শিক্ষার্থীর বিশেষ কোন শিখন চাহিদা থাকার ফলে, শিক্ষক তার সামর্থ্য নিয়ে সন্দিহান থাকেন এবং মূল্যায়নের ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়তে পারে। কাজেই এ ধরণের শিক্ষার্থীদেরকে তাদের দক্ষতা/আগ্রহ/সামর্থ্য অনুযায়ী দায়িত্ব প্রদানের মাধ্যমে সক্রিয় অংশগ্রহণের সুযোগ দিয়ে তাদের শিখন উন্নয়নের জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে।

ছ) মূল্যায়নে এপসের ব্যবহার

জাতীয় শিক্ষাক্রম অনুসারে ২০২৪ সালে ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের সকল বিষয়ের শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়ন প্রক্রিয়া শিক্ষকগণ "নৈপুণ্য" অ্যাপটি ব্যবহার করে সম্পন্ন করবেন। শিক্ষার্থীদের মূল্যায়ন ও মূল্যায়ন সংশ্লিষ্ট কাজে শিক্ষা প্রতিষ্ঠান, স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষকগণের অংশগ্রহণে এবং শ্রেণিভিত্তিক শিক্ষার্থীদের তথ্য অন্তর্ভুক্তকরণের মাধ্যমে এ প্রক্রিয়াটি সম্পন্ন হবে। কারিকুলাম অনুযায়ী শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নের পারদর্শিতার নির্দেশক অর্জনে শিক্ষার্থী কোন পর্যায়ে রয়েছে সেই তথ্য বিষয় শিক্ষকরা ইনপুট দিলে শিক্ষার্থীর জন্য স্বয়ংক্রিয় রিপোর্ট প্রস্তুত করে দিবে এই 'নৈপুণ্য' অ্যাপ।

# পরিশিষ্ট ১

## শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

| যোগ্যতা নং | একক যোগ্যতা | পারদর্শিতা সূচক (PI) নং | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | □ | ○ | △ |
| ০১.০৯.০১ | পরিবেশ, পরিস্থিতিকে বিবেচনায় নিয়ে ব্যক্তির আগ্রহ, চাহিদা অনুযায়ী প্রসঙ্গের মধ্যে থেকে বিভিন্ন মাধ্যম ও উপকরণ ব্যবহার করে যোগাযোগ করতে পারা | ০১.০৯.০১.০১ | পরিবেশ, পরিস্থিতি বিবেচনায় নিয়ে যোগাযোগ করতে পারছে | যোগাযোগের চাহিদা অনুযায়ী পরিবেশ-পরিস্থিতির ভিন্নতা শনাক্ত করতে পারছে | পরিচিত পরিবেশ ও পরিস্থিতি বিবেচনায় নিয়ে যোগাযোগ করতে পারছে | পরিচিতি ও অপরিচিত উভয় ধরনের পরিবেশ-পরিস্থিতি বিবেচনায় নিয়ে যোগাযোগ করতে পারছে |
| | | ০১.০৯.০১.০২ | ব্যক্তির আগ্রহ, চাহিদা অনুযায়ী প্রাসঙ্গিক যোগাযোগ করতে পারছে | যোগাযোগের সময় অপরের আগ্রহ-চাহিদা শনাক্ত করতে পারছে | যোগাযোগের সময় প্রসঙ্গে থেকে নিজের আগ্রহ-চাহিদা প্রকাশ করতে পারছে | যোগাযোগের সময় প্রসংগে থেকে অপরের আগ্রহ-চাহিদার সাথে সামঞ্জস্য রেখে নিজের আগ্রহ-চাহিদা প্রকাশ করতে পারছে |
| | | ০১.০৯.০১.০৩ | বিভিন্ন মাধ্যম ও উপকরণ ব্যবহার করে যোগাযোগ করতে পারছে | নির্দিষ্ট পরিবেশে নির্দিষ্ট মাধ্যম ও উপকরণের ব্যবহার করে যোগাযোগ করতে পারছে | পরিপার্শ্বিক পরিবেশে একাধিক মাধ্যম ও উপকরণের ব্যবহার করে যোগাযোগ করতে পারছে | যেকোনো পরিবেশে যেকোনো মাধ্যম ও উপকরণ ব্যবহার করে যোগাযোগ করতে পারছে |
| ০১.০৯.০২ | ব্যক্তিক, সামাজিক, রাষ্ট্রীয় পরিসরে সাবলীলভাবে প্রমিত বাংলায় কথা বলতে পারা | ০১.০৯.০২.০১ | সাবলীলভাবে প্রমিত বাংলায় কথা বলতে/ প্রকাশ করতে পারছে | আঞ্চলিক বাক্যকে প্রমিত বাক্যে রূপান্তর করে বলতে/প্রকাশ করতে পারছে | সাধু রীতির বাক্যকে প্রমিত রূপে রূপান্তর করে প্রকাশ করতে পারছে | প্রমিত রীতি মেনে সাবলীলভাবে কথা বলতে/প্রকাশ করতে পারছে |
| ০১.০৯.০৩ | প্রায়োগিক, বর্ণনা, তথ্য, বিশ্লেষণমূলক ও কল্পনানির্ভর লেখা এবং একাধিক লেখা পড়ে বুঝে লেখার বিষয়বস্তুর | ০১.০৯.০৩.০১ | প্রায়োগিক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গিও তুলনামূলক | প্রায়োগিক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বিশ্লেষণ করতে পারছে | প্রায়োগিক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বুঝে দৃষ্টিভঙ্গি উপলব্ধি করতে পারছে | প্রায়োগিক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গির তুলনামূলক বিচার করতে |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | সঙ্গে লেখকের দৃষ্টিভঙ্গির তুলনামূলক বিচার করতে পারা | | বিচার করতে পারছে | | | পারছে |
| | | ০১.০৯.০৩.০২ | বর্ণনামূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গির তুলনামূলক বিচার করতে পারছে | বর্ণনামূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বিশ্লেষণ করতে পারছে | বর্ণনামূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বুঝে লেখকের দৃষ্টিভঙ্গি উপলব্ধি করতে পারছে | বর্ণনামূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গির তুলনামূলক বিচার করতে পারছে |
| | | ০১.০৯.০৩.০৩ | তথ্যমূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গির তুলনামূলক বিচার করতে পারছে | তথ্যমূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বিশ্লেষণ করতে পারছে | তথ্যমূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বুঝে লেখকের দৃষ্টিভঙ্গি উপলব্ধি করতে পারছে | তথ্যমূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গির তুলনামূলক বিচার করতে পারছে |
| | | ০১.০৯.০৩.০৪ | বিশ্লেষণমূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গির তুলনামূলক বিচার করতে পারছে | বিশ্লেষণমূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বিশ্লেষণ করতে পারছে | বিশ্লেষণমূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বুঝে লেখকের দৃষ্টিভঙ্গি উপলব্ধি করতে পারছে | বিশ্লেষণমূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গির তুলনামূলক বিচার করতে পারছে |
| | | ০১.০৯.০৩.০৫ | কল্পনানির্ভর কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গির তুলনামূলক বিচার করতে পারছে | কল্পনানির্ভর কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বিশ্লেষণ করতে পারছে | কল্পনানির্ভর কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বুঝে লেখকের দৃষ্টিভঙ্গি উপলব্ধি করতে পারছে | কল্পনানির্ভর কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গির তুলনামূলক বিচার করতে পারছে |
| ০১.০৯.০৪ | ব্যকরণিক সূত্র, প্রমিত বানানরীতি ও ভাষারীতি মেনে যথাযথভাবে লিখতে/প্রকাশ করতে পারা | ০১.০৯.০৪.০১ | ব্যকরণের বিভিন্ন সূত্র, আলংকারিক বৈশিষ্ট্য মেনে লিখতে বা প্রকাশ করতে পারছে | ব্যকরণের সুত্র ও আলংকারিক বৈশিষ্ট্য চিহ্নিত করে লিখতে বা প্রকাশ করতে পারছে | ব্যকরণের কিছু সুত্র ও আলংকারিক বৈশিষ্ট্য ব্যবহার করে লিখতে বা প্রকাশ করতে পারছে | ব্যকরণের বিভিন্ন সুত্র ও আলংকারিক বৈশিষ্ট্য মেনে লিখতে/প্রকাশ করতে পারছে |
| ০১.০৯.০৫ | ব্যক্তিক, সামাজিক ও রাষ্ট্রীয় পরিসরে ঘটা বিভিন্ন ঘটনাকে নিজস্ব পর্যবেক্ষণ ও অভিমত দ্বারা যুক্তিসহ বিশ্লেষণ করতে পারা এবং বিভিন্ন তথ্য-উপাত্তকে বিশ্লেষণাত্মক ও | ০১.০৯.০৫.০১ | ব্যক্তিক, সামাজিক, রাষ্ট্রীয় পরিসরে ঘটা বিভিন্ন ঘটনাকে নিজস্ব পর্যবেক্ষণ ও অভিমত দ্বারা যুক্তিসহ বিশ্লেষণ করতে পারছে | ব্যক্তিক পরিসরে ঘটা বিভিন্ন ঘটনাকে নিজস্ব পর্যবেক্ষণ ও অভিমত দ্বারা যুক্তিসহ বিশ্লেষণ | সামাজিক পরিসরে ঘটা বিভিন্ন ঘটনাকে নিজস্ব পর্যবেক্ষণ ও অভিমত দ্বারা যুক্তিসহ বিশ্লেষণ করতে পারছে | রাষ্ট্রীয় পরিসরে ঘটা বিভিন্ন ঘটনাকে নিজস্ব পর্যবেক্ষণ ও অভিমত দ্বারা যুক্তিসহ বিশ্লেষণ করতে পারছে |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | প্রতিবেদনমূলক রচনায় রূপান্তরিত করতে পারা | | | করতে পারছে | | |
| | | ০১.০৯.০৫.০২ | বিভিন্ন তথ্য-উপাত্তকে বিশ্লেষণাত্তক রচনায় রূপান্তরিত করতে পারছে | বিভিন্ন তথ্য-উপাত্তকে বিশ্লেষণ করতে পারছে | বিভিন্ন তথ্য-উপাত্তের বিশ্লেষণ করে ব্যাখ্যা করতে পারছে | বিভিন্ন তথ্য-উপাত্তকে বিশ্লেষণাত্মক রচনায় রূপান্তরিত করতে পারছে |
| | | ০১.০৯.০৫.০৩ | বিভিন্ন তথ্য-উপাত্তকে প্রতিবেদনমূলক রচনায় রূপান্তরিত করতে পারছে | বিভিন্ন তথ্য-উপাত্তকে চিহ্নিত করতে পারছে | বিভিন্ন তথ্য-উপাত্তকে বর্ণনা করতে পারছে | বিভিন্ন তথ্য-উপাত্তকে প্রতিবেদনমূলক রচনায় রূপান্তরিত করতে পারছে |
| ০১.০৯.০৬ | সাহিত্যের রূপরীতি বুঝে জীবন, সমাজ ও পরিপার্শ্বের সঙ্গে সাহিত্যের সম্পর্ক তৈরি করে কোনো বিষয়-সংশ্লিষ্ট উপলব্ধিকে সৃষ্টিশীল উপায়ে প্রকাশ করা অন্য দেশের সাহিত্যের মাধ্যমে সেই দেশের সমাজ ও সংস্কৃতিকে উপলব্ধি করতে পারা ও তুলনা করতে পারা | ০১.০৯.০৬.০১ | সাহিত্যের রূপরীতি বুঝে জীবন, সমাজ ও পরিপার্শ্বের সঙ্গে সাহিত্যের সম্পর্ক তৈরি করে কোন বিষয়-সংশ্লিষ্ট উপলব্ধিকে সৃষ্টিশীল উপায়ে প্রকাশ করা | সাহিত্যের বিভিন্ন রূপরীতির বৈশিষ্ট্য ব্যাখ্যা করে লিখতে বা প্রকাশ করতে পারছে | সাহিত্যের বিভিন্ন রূপরীতির বৈশিষ্ট্য ব্যাখ্যা করে সাহিত্যের সঙ্গে জীবন, সমাজ ও পরিপার্শ্বের সম্পর্ক তৈরি করে লিখতে বা প্রকাশ করতে পারছে | সাহিত্যের রূপরীতি বুঝে জীবন, সমাজ ও পরিপার্শ্বের সঙ্গে সাহিত্যের সম্পর্ক তৈরি করে যেকোনো বিষয়-সংশ্লিষ্ট উপলব্ধিকে সৃষ্টিশীল উপায়ে প্রকাশ করতে পারছে |
| | | ০১.০৯.০৬.০২ | অন্য দেশের সাহিত্যের মাধ্যমে সেই দেশের সমাজ ও সংস্কৃতিকে উপলব্ধি করতে পারা ও তুলনা করতে পারা | অন্য দেশের সাহিত্য পড়ে বিষয়বস্তু উপলব্ধি করে প্রকাশ করতে পারছে | অন্য দেশের সাহিত্যের মাধ্যমে সেই দেশের সমাজ ও সংস্কৃতি উপলব্ধি করে প্রকাশ করতে পাছে | অন্য দেশের সাহিত্যের মাধ্যমে সেই দেশের সমাজ ও সংস্কৃতি উপলব্ধি করে বিষয়বস্তুর সাথে নিজের দেশের সাহিত্যের তুলনা করে প্রকাশ করতে পারছে |
| ০১.০৯.০৭ | কোনো বক্তব্য, ঘটনা বা বিষয়ে নিজের অভিমতের পরিপ্রেক্ষিতে অন্যের সমালোচনা গ্রহণ করতে পারা, ইতিবাচকভাবে অন্যের মতের সমালোচনা করতে পারা এবং ভুল থেকে শিক্ষা গ্রহণ করে নিজের ভুলকে সংশোধন করে উপস্থাপন | ০১.০৯.০৭.০১ | কোনো বক্তব্য, ঘটনা বা বিষয়ে নিজের অভিমতের পরিপ্রেক্ষিতে অন্যের সমালোচনা গ্রহণ করতে পারা | কোনো বক্তব্য, ঘটনা বা বিষয়ে নিজের অভিমতের পরিপ্রেক্ষিতে বয়োজ্যেষ্ঠ ব্যক্তির সমালোচনা গ্রহণ করতে পারছে | কোনো বক্তব্য, ঘটনা বা বিষয়ে নিজের অভিমতের পরিপ্রেক্ষিতে সমবয়সী ব্যক্তির সমালোচনা গ্রহণ করতে পারছে | কোনো বক্তব্য, ঘটনা বা বিষয়ে নিজের অভিমতের পরিপ্রেক্ষিতে যেকোনো ব্যক্তির সমালোচনা গ্রহণ করতে পারছে |
| | | ০১.০৯.০৭.০২ | ইতিবাচকভাবে মতের সমালোচনা করতে পারা | কোনো সমবয়সী ব্যক্তির মতের | কোনো বয়োজ্যেষ্ঠ ব্যক্তির মতের ইতিবাচকভাবে | যেকোনো ব্যক্তির মতের ইতিবাচকভাবে |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | করতে পারা | | | ইতিবাচকভাবে সমালোচনা করতে পারছে | সমালোচনা করতে পারছে | সমালোচনা করতে পারছে |
| | | ০১.০৯.০৭.০৩ | অন্যের মতের পরিপ্রেক্ষিতে নিজের ভুল থেকে শিক্ষা গ্রহণ করতে পারা | অন্যের মতের পরিপ্রেক্ষিতে নিজের ভুল চিহ্নিত করতে পারছে | অন্যের মতের পরিপ্রেক্ষিতে নিজের ভুল সংশোধন করতে পারছে | অন্যের মতের পরিপ্রেক্ষিতে নিজের ভুল সংশোধন করে উপস্থাপন করতে পারছে |

# পরিশিষ্ট ২

## শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট

৯ম শ্রেণির নির্দিষ্ট শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট পরবর্তী পৃষ্ঠা থেকে ধারাবাহিকভাবে দেওয়া হল। শিক্ষক কোন অভিজ্ঞতা শেষে কোন পারদর্শিতার সূচকে ইনপুট দেবেন তা প্রতিটি শিখন অভিজ্ঞতার সাথে দেওয়া আছে। একটা বিষয়ে বিশেষভাবে মনে রাখা জরুরি যে, **শিক্ষার্থী বাংলার বিষয়ভিত্তিক জ্ঞান কতটা মুখস্ত করতে পারছে, শিক্ষক কখনই তার ভিত্তিতে শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রা নির্ধারণ করবেন না। বরং পারদর্শিতার সূচক অনুযায়ী যে ধরনের সক্ষমতা (জ্ঞান,দক্ষতা,দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ) প্রাসঙ্গিক, তার ওপর শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা নির্ধারণ করবেন।** এক্ষেত্রে পাঠ্যবই বা অন্য যে কোনো নির্ভরযোগ্য রিসোর্স থেকে তথ্য নিয়ে কীভাবে সেই তথ্য শিখন-শেখানো কার্যক্রমে ব্যবহার করছে তা পর্যবেক্ষণ করবেন।

নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে শিক্ষার্থীর যে পারদর্শিতা দেখে শিক্ষক তার অর্জিত মাত্রা নিরূপণ করবেন তা 'শিখন অভিজ্ঞতা ভিত্তিক মূল্যায়ন ছক' -এ দেওয়া আছে। একইসাথে, যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করে এই ইনপুট দেবেন তা প্রতিটি ছকের ডান পাশে উল্লেখ আছে। পরিশিষ্ট-৩ এ শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য সংগ্রহের একটা ফাঁকা ছক দেওয়া আছে। ঐ ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে শিক্ষক প্রতিটি শিখন অভিজ্ঞতার তথ্য সংগ্রহ ও সংরক্ষণে ব্যবহার করতে পারবেন।

| শিখন অভিজ্ঞতা ভিত্তিক মূল্যায়ন ছক | | | | |
|---|---|---|---|---|
| **অভিজ্ঞতা নং : ১**<br>**অভিজ্ঞতার শিরোনাম :** | **শ্রেণি : ৯ম** | | | **বিষয় : বাংলা** |
| **পারদর্শিতার সুচক (PI)** | **পারদর্শিতার সুচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ◯ | △ | |
| ০১.০৯.০১.০১ পরিবেশ, পরিস্থিতি বিবেচনায় নিয়ে যোগাযোগ করতে পারছে | যোগাযোগের চাহিদা অনুযায়ী পরিবেশ-পরিস্থিতির ভিন্নতা শনাক্ত করতে পারছে | পরিচিত পরিবেশ ও পরিস্থিতি বিবেচনায় নিয়ে যোগাযোগ করতে পারছে | পরিচিত ও অপরিচিত উভয় ধরনের পরিবেশ-পরিস্থিতি বিবেচনায় নিয়ে যোগাযোগ করতে পারছে | - অনুশীলনী ১.২ এর 'যোগাযোগের নমুনা বিশ্লেষণ' (নমুনা ১,২,৩,৪,৫)<br>- অনুশীলনী ১.৪ এর 'বাস্তব ক্ষেত্রে বিভিন্ন মাধ্যমে যোগাযোগ' |
| **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | | |
| | - অনুশীলনী ১.২ এর 'যোগাযোগের নমুনা বিশ্লেষণ' (নমুনা ১,২,৩,৪,৫) কাজে যোগাযোগের উদ্দেশ্য শনাক্ত করতে পারছে<br>- অনুশীলনী ১.৪ এর 'বাস্তব ক্ষেত্রে বিভিন্ন মাধ্যমে যোগাযোগ' এ সমস্যা সমাধানের জন্য কার সাথে যোগাযোগ করতে হবে এবং কোন কোন মাধ্যমে ও উপকরণে তা শনাক্ত করতে পারছে | - অনুশীলনী ১.২ এর 'যোগাযোগের নমুনা বিশ্লেষণ' (নমুনা ১,২,৩,৪,৫) কাজে পরিচিত নমুনা বিশ্লেষণ করতে পারছে<br>- অনুশীলনী ১.৪ এর 'বাস্তব ক্ষেত্রে বিভিন্ন মাধ্যমে যোগাযোগ' এ পরিচিত পরিবেশ-পরিস্থিতি তথা বিদ্যালয়ের সমস্যা বিবেচনায় নিয়ে যোগাযোগ করতে পারছে | - অনুশীলনী ১.২ এর 'যোগাযোগের নমুনা বিশ্লেষণ' (নমুনা ১,২,৩,৪,৫) কাজে পরিচিত ও অপরিচিত উভয় ধরনের নমুনা বিশ্লেষণ করতে পারছে<br>- অনুশীলনী ১.৪ এর 'বাস্তব ক্ষেত্রে বিভিন্ন মাধ্যমে যোগাযোগ' এ পরিচিত ও অপরিচিত উভয় ধরনের পরিবেশ-পরিস্থিতি তথা এলাকার সমস্যা বিবেচনায় নিয়ে যোগাযোগ করতে পারছে | |
| **পারদর্শিতার সুচক (PI)** | **পারদর্শিতার সুচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ◯ | △ | |
| ০১.০৯.০১.০২ ব্যক্তির আগ্রহ, চাহিদা অনুযায়ী প্রাসঙ্গিক যোগাযোগ করতে পারছে | যোগাযোগের সময় অপরের আগ্রহ-চাহিদা শনাক্ত করতে পারছে | যোগাযোগের সময় প্রসঙ্গে থেকে নিজের আগ্রহ-চাহিদা প্রকাশ করতে পারছে | যোগাযোগের সময় প্রসংগে থেকে অপরের আগ্রহ-চাহিদার সাথে সামঞ্জস্য রেখে নিজের আগ্রহ-চাহিদা প্রকাশ করতে পারছে | - অনুশীলনী ১.৪ এর 'বাস্তব ক্ষেত্রে বিভিন্ন মাধ্যমে যোগাযোগ' |
| **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | - অনুশীলনী ১.৪ এর ‘বাস্তব ক্ষেত্রে বিভিন্ন মাধ্যমে যোগাযোগ’ এর কাজটি করার সময় অপরের আগ্রহ-চাহিদা নিরূপণ করতে পারছে | - অনুশীলনী ১.৪ এর ‘বাস্তব ক্ষেত্রে বিভিন্ন মাধ্যমে যোগাযোগ’ এর কাজটি করার সময় প্রাসঙ্গিকভাবে নিজের আগ্রহ-চাহিদাকে তুলে ধরতে পারছে | - অনুশীলনী ১.৪ এর ‘বাস্তব ক্ষেত্রে বিভিন্ন মাধ্যমে যোগাযোগ’ এর কাজটি করার সময় অন্যের আগ্রহ-চাহিদা ও নিজের আগ্রহ-চাহিদাকে সমন্বয় করে প্রাসঙ্গিকভাবে তুলে ধরতে পারছে | |
| **পারদর্শিতার সুচক (PI)** | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ○ | △ | |
| ০১.০৯.০১.০৩ বিভিন্ন মাধ্যম ও উপকরণ ব্যবহার করে যোগাযোগ করতে পারছে | নির্দিষ্ট পরিবেশে নির্দিষ্ট মাধ্যম ও উপকরণের ব্যবহার করে যোগাযোগ করতে পারছে | পরিপার্শ্বিক পরিবেশে একাধিক মাধ্যম ও উপকরণের ব্যবহার করে যোগাযোগ করতে পারছে | যেকোনো পরিবেশে যেকোনো মাধ্যম ও উপকরণ ব্যবহার করে যোগাযোগ করতে পারছে | - অনুশীলনী ১.৪ এর ‘বাস্তব ক্ষেত্রে বিভিন্ন মাধ্যমে যোগাযোগ’ |
| **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | | |
| | - অনুশীলনী ১.৪ এর ‘বাস্তব ক্ষেত্রে বিভিন্ন মাধ্যমে যোগাযোগ’ এর কাজটি করার সময় বিদ্যালয়ের ভেতরের সমস্যা সমাধানে কিছু নির্দিষ্ট উপকরণ ও মাধ্যমের ব্যবহারের মধ্যে সীমাবদ্ধ থেকে যোগাযোগ করছে | - অনুশীলনী ১.৪ এর ‘বাস্তব ক্ষেত্রে বিভিন্ন মাধ্যমে যোগাযোগ’ এর কাজটি করার সময় বিদ্যালয় ও এলাকার সমস্যা সমাধানে একাধিক যোগাযোগের মাধ্যম ও উপকরণ ব্যবহার করে যোগাযোগ করতে পারছে | - অনুশীলনী ১.৪ এর ‘বাস্তব ক্ষেত্রে বিভিন্ন মাধ্যমে যোগাযোগ’ এর কাজটি করার সময় বিদ্যালয় ও এলাকার সমস্যা সমাধান করার জন্যে বিভিন্ন মাধ্যম ও উপকরণ ব্যবহার করে যোগাযোগ করতে পারছে | |

v

<table>
<tr><td colspan="5">শিখন অভিজ্ঞতা ভিত্তিক মূল্যায়ন ছক</td></tr>
<tr><td colspan="2">অভিজ্ঞতা নং : ২<br>অভিজ্ঞতার শিরোনাম : প্রমিত বলি প্রমিত লিখি</td><td colspan="2">শ্রেণি : ৯ম</td><td>বিষয় : বাংলা</td></tr>
<tr><td rowspan="2">পারদর্শিতার সুচক (PI)</td><td colspan="3">পারদর্শিতার সুচকের মাত্রা</td><td rowspan="2">যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন</td></tr>
<tr><td>□</td><td>○</td><td>△</td></tr>
<tr><td>০১.০৯.০২.০১ সাবলীলভাবে প্রমিত বাংলায় কথা বলতে/ প্রকাশ করতে পারা</td><td>আঞ্চলিক বাক্যকে প্রমিত বাক্যে রূপান্তর করে বলতে/প্রকাশ করতে পারছে</td><td>সাধু রীতির বাক্যকে প্রমিত রূপে রূপান্তর করে প্রকাশ করতে পারছে</td><td>প্রমিত রীতি মেনে সাবলীলভাবে কথা বলতে/প্রকাশ করতে পারছে</td><td rowspan="3">- অনুশীলনী ২.২.১<br>- অনুশীলনী ২.২.২<br>- অনুশীলনী ২.২.৩<br>- অনুশীলনী ২.৩.১<br>- অনুশীলনী ২.৩.২</td></tr>
<tr><td colspan="4">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td></td><td>- অনুশীলনী ২.২.১ আঞ্চলিক শব্দকে প্রমিত শব্দে রূপান্তর করতে পারছে<br>- অনুশীলনী ২.২.২ আঞ্চলিক বাক্যকে প্রমিত বাক্যে রূপান্তরিত করতে পারছে<br>- অনুশীলনী ২.২.৩ আঞ্চলিক বাক্যকে প্রমিত বাক্যে রূপান্তরিত করতে পারছে</td><td>- অনুশীলনী ২.৩.১ সাধু রীতির বাক্যকে প্রমিত রীতির বাক্যে রূপান্তরিত করতে পারছে<br>- অনুশীলনী ২.৩.২ সাধু রীতির গদ্যকে প্রমিত রীতিতে রূপান্তর করতে পারছে</td><td>- অনুশীলনী ২.৩.২ এর কাজটি করার সময় প্রমিত রীতি মেনে সাবলীলভাবে কথা বলতে/প্রকাশ করতে পারছে<br>- প্রমিত রীতির উচ্চারণের বৈশিষ্ট্য ঠিক রেখে সাবলীলভাবে পাঠ করতে বা আবৃত্তি করতে পারছে</td></tr>
</table>

| শিখন অভিজ্ঞতা ভিত্তিক মূল্যায়ন ছক | | | | |
|---|---|---|---|---|
| **অভিজ্ঞতা নং : ৩**<br>**অভিজ্ঞতার শিরোনাম : লেখা পড়ি লেখা বুঝি** | | **শ্রেণি : ৯ম** | | **বিষয় : বাংলা** |
| **পারদর্শিতার সুচক (PI)** | **পারদর্শিতার সুচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ○ | △ | |
| ০১.০৯.০৩.০১ প্রায়োগিক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গীও তুলনামূলক বিচার করতে পারছে | প্রায়োগিক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বিশ্লেষণ করতে পারছে | প্রায়োগিক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বুঝে দৃষ্টিভঙ্গি উপলব্ধি করতে পারছে | প্রায়োগিক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গির তুলনামূলক বিচার করতে পারছে | - অনুশীলনী ৩.১.২ |
| **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | | |
| | - প্রায়োগিক লেখার নমুনা বিশ্লেষণ করে সহপাঠির সাথে আলোচনা করতে পারছে | - অনুশীলনী ৩.১.২ প্রশ্ন নং খ এর উত্তরে লেখকের দৃষ্টিভঙ্গি উপলব্ধি করার প্রতিফলন করতে পারছে | - অনুশীলনী ৩.১.২ প্রশ্ন নং ঘ এর উত্তরে লেখক ও নিজের দৃষ্টিভঙ্গির তুলনাওমূলক বিচার করে প্রতিফলন ঘটাতে পারছে | |
| **পারদর্শিতার সুচক (PI)** | **পারদর্শিতার সুচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ○ | △ | |
| ০১.০৯.০৩.০২ বর্ণনামূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গীর তুলনামূলক বিচার করতে পারছে | বর্ণনামূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বিশ্লেষণ করতে পারছে | বর্ণনামূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বুঝে লেখকের দৃষ্টিভঙ্গী উপলব্ধি করতে পারছে | বর্ণনামূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গির তুলনামূলক বিচার করতে পারছে | - বিলেতে সাড়ে সাতশো দিন<br>- অনুশীলনী ৩.২.২ |
| **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | | |
| | - বিলেতে সাড়ে সাতশো দিন লেখা পড়ে এর বিষয়বস্তু বিশ্লেষণ করে সহপাঠির সাথে আলোচনা করতে পারছে | - বিলেতে সাড়ে সাতশো দিন লেখাটি পড়ে লেখকের দৃষ্টিভঙ্গি উপলব্ধি করে অনুশীলনী ৩.২.২ এর প্রশ্ন নং ক, খ এর উত্তরে তার প্রতিফলন ঘটাতে পারছে | - অনুশীলনী ৩.২.২ এর প্রশ্ন নং গ এর উত্তরে লেখকের লেখার সাথে নিজের দৃষ্টিভঙ্গির তুলনা করতে পারছে | |
| **পারদর্শিতার সুচক (PI)** | **পারদর্শিতার সুচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ○ | △ | |
| ০১.০৯.০৩.০৩ তথ্যমূলক কোনো লেখা | তথ্যমূলক কোনো লেখা পড়ে লেখার | তথ্যমূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু | তথ্যমূলক কোনো লেখা পড়ে লেখার | |

| | | | | |
|---|---|---|---|---|
| পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গীর তুলনামূলক বিচার করতে পারছে | বিষয়বস্তু বিশ্লেষণ করতে পারছে | বুঝে লেখকের দৃষ্টিভঙ্গি উপলব্ধি করতে পারছে | বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গির তুলনামূলক বিচার করতে পারছে | -‘আত্মস্মৃতি’<br>- অনুশীলনী ৩.৩.২<br>- অনুশীলনী ৩.৩.৪ |
| **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | | |
| | - ‘আত্মস্মৃতি’ রচনাটির বিষয়বস্তু বিশ্লেষণ করে সহপাঠির সাথে আলোচনা করতে পারছে<br>- অনুশীলনী ৩.৩.৪ এর কাজটিতে প্রদত্ত লেখাকে বিশ্লেষণ করতে পারছে | - ‘আত্মস্মৃতি’ লেখায় লেখকের দৃষ্টিভঙ্গি উপলব্ধি করে অনুশীলনী ৩.৩.২ এর প্রশ্ন নং ক, খ এর উত্তরে এর প্রতিফলন করতে পারছে | - অনুশীলনী ৩.৩.২ এর প্রশ্ন নং গ এর উত্তরে লেখকের দৃষ্টিভঙ্গির সাথে তুলনামূলক বিচার করতে পারছে | |
| **পারদর্শিতার সুচক (PI)** | **পারদর্শিতার সুচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ○ | △ | |
| ০১.০৯.০৩.০৪ বিশ্লেষণমূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গীর তুলনামূলক বিচার করতে পারছে | বিশ্লেষণমূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বিশ্লেষণ করতে পারছে | বিশ্লেষণমূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বুঝে লেখকের দৃষ্টিভঙ্গি উপলব্ধি করতে পারছে | বিশ্লেষণমূলক কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গীর তুলনামূলক বিচার করতে পারছে | - ‘বাংলা ভাষা: সংকট ও সম্ভাবনা’<br>- অনুশীলনী ৩.৪.২<br>- অনুশীলনী ৩.৪.৪ |
| **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | | |
| | - ‘বাংলা ভাষা: সংকট ও সম্ভাবনা’ লেখাটি পড়ে এর বিষয়বস্তু বিশ্লেষণ করে সহপাঠির সাথে আলোচনা করতে পারছে<br>- অনুশীলনী ৩.৪.৪ এর উত্তরে লেখাকে বিশ্লেষণ করে লিখতে পারছে | - অনুশীলনী ৩.৪.২ এর প্রশ্ন নং ক, খ এর উত্তরে লেখকের দৃষ্টিভঙ্গিকে ব্যাখ্যা করতে পারছে | - অনুশীলনী ৩.৪.২ এর প্রশ্ন নং গ এর | |
| **পারদর্শিতার সুচক (PI)** | **পারদর্শিতার সুচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ○ | △ | |
| ০১.০৯.০৩.০৫ কল্পনানির্ভর কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গীর তুলনামূলক বিচার করতে পারছে | কল্পনানির্ভর কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বিশ্লেষণ করতে পারছে | কল্পনানির্ভর কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তু বুঝে লেখকের দৃষ্টিভঙ্গি উপলব্ধি করতে পারছে | কল্পনানির্ভর কোনো লেখা পড়ে লেখার বিষয়বস্তুর সাথে লেখকের দৃষ্টিভঙ্গির তুলনামূলক বিচার করতে পারছে | - ‘কিশলয়ের জন্ম মৃত্যু’<br>- অনুশীলনী ৩.৫.২<br>- অনুশীলনী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | ৩.৫.৪ |
| **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | | |
| | - ‘কিশলয়ের জন্ম মৃত্যু’ পড়ে লেখার বিষয়বস্তু বিশ্লেষণ করে সহপাঠির সাথে আলোচনা করতে পারছে<br>- অনুশীলনী ৩.৫.৪ এর উত্তরে লেখাটি বিশ্লেষণ করতে পারছে | - অনুশীলনী ৩.৫.২ এর প্রশ্ন নং ক, গ এর উত্তরে লেখকের দৃষ্টিভঙ্গি উপলব্ধি করতে পারার প্রতিফলন করতে পারছে | - অনুশীলনী ৩.৫.২ এর প্রশ্ন নং খ এর উত্তরে লেখকের দৃষ্টিভঙ্গির সাথে তুলনামূলক বিচার করতে পারার প্রতিফলন করতে পারছে | |

| শিখন অভিজ্ঞতা ভিত্তিক মূল্যায়ন ছক | | | | |
|---|---|---|---|---|
| **অভিজ্ঞতা নং : ৪**<br>**অভিজ্ঞতার শিরোনাম : শব্দ বুঝি বাক্য লিখি** | | | **শ্রেণি : ৯ম** | **বিষয় : বাংলা** |
| **পারদর্শিতার সুচক (PI)** | **পারদর্শিতার সুচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ○ | △ | |
| ০১.০৯.০৪.০১ ব্যকরণের বিভিন্ন সুত্র, আলংকারিক বৈশিষ্ট্য মেনে লিখতে বা প্রকাশ করতে পারছে | ব্যকরণের সুত্র ও আলংকারিক বৈশিষ্ট্য চিহ্নিত করে লিখতে বা প্রকাশ করতে পারছে | ব্যকরণের কিছু সুত্র ও আলংকারিক বৈশিষ্ট্য ব্যবহার করে লিখতে বা প্রকাশ করতে পারছে | ব্যকরণের বিভিন্ন সুত্র ও আলংকারিক বৈশিষ্ট্য<br>মেনে লিখতে/প্রকাশ করতে পারছে | - অনুশীলনী ৪.১.১<br>- অনুশীলনী ৪.১.৩<br>- পৃষ্ঠা নং ৮৩ এর ছক<br>- পৃষ্ঠা নং ৮৫ এর ছক<br>- অনুশীলনী ৪.৩.১<br>- অনুশীলনী ৪.৩.২<br>- অনুশীলনী ৪.৩.৩<br>- অনুশীলনী ৪.৩.৪<br>- অনুশীলনী ৪.৪.১<br>- অনুশীলনী ৪.৪.২<br>- অনুশীলনী ৪.৪.৩ |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
